

## ■ সুনান ইবনু মাজাহ

হাদিস নাম্বারঃ ৩৪০৫

২৪/ পানীয় ও পানপাত্র (كتاب الأشربة)

পরিচ্ছেদঃ ২৪/১৪. উপরোক্ত পাত্রগুলোতে নবীয় তৈরী করার অনুমতি

بَابِ مَا رُخِّصَ فِيهِ مِنْ ذَلِكَ

আরবী

حَدَّثَنَا عَبْدُ الْحَمِيدِ بْنُ بَيَانٍ الْوَاسِطِيُّ، حَدَّثَنَا إِسْحَاقُ بْنُ يُوسُفَ، عَنْ شَرِيكٍ، عَنْ سِمَاكٍ، عَنْ الْقَاسِمِ بْنِ مُخَيْمِرَةَ، عَنْ أَبْنِ بُرِيَّةَ، عَنْ أَبِيهِ، عَنِ النَّبِيِّ - صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ - قَالَ " كُنْتُ نَهِيُّكُمْ عَنِ الْأَوْعِيَةِ فَاتَّبِعُوا فِيهِ وَاجْتَنِبُوا كُلَّ مُسْكِرٍ " .

বাংলা

১/৩৪০৫। আবদুল্লাহ ইবনে বুরাইদা (রহঃ) থেকে তার পিতার সূত্রে বর্ণিত। নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম বলেনঃ আমি তোমাদেরকে কতগুলো পাত্র ব্যবহার করতে নিষেধ করেছিলাম। এখন তোমরা তাতে নবীয় তৈরি করতে পারো এবং সমস্ত নেশা উদ্রেককারী জিনিস পরিহার করো।

## English

It was narrated from Ibn Buraidah from his father that the Prophet ﷺ said:  
“I used to forbid you to use certain vessels, but now make Nabidh in them, but avoid all intoxicants.”

ফুটনোট

মুসলিম ৯৭৭, আল-আহকাম ১৭৮।

তাহকীক আলবানীঃ সহীহ। উক্ত হাদিসের রাবী সিমাক বিন হারব সম্পর্কে ইয়াহইয়া বিন মাস্টিন বলেন, তিনি সিকাহ। ইয়াকুব বিন শায়বাহ বলেন, তার পূর্বে বর্ণিত হাদিস যারা শ্রবন করেছেন তা সহীহ। ইবনু হিবান বলেন, তিনি সিকাহ তবে হাদিস বর্ণনায় অধিক ভুল করেন। আবদুল্লাহ ইবনুল মুবারাক বলেন, তিনি হাদিস বর্ণনায় দুর্বল। (তাহফীবুল কামালঃ রাবী নং ২৫৭৯, ১২/১১৫ নং পৃষ্ঠা)

হাদিসের মান: [সহিহ \(Sahih\)](#) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ তাওহীদ পাবলিকেশন □ বর্ণনাকারীঃ আবদুল্লাহ ইবন বুরায়দা (রহঃ)

🔗 Link — <https://www.hadithbd.com/hadith/link/?id=44369>

 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন